



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

মুজিববর্ষ উপলক্ষে

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৯ আগস্ট ২০২০।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। ০৯ আগস্ট ২০২০ তারিখে এ কর্মসূচির উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় অন্যান্যদের মধ্যে বরিশালের জেলা প্রশাসক, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানদ্বয়, সহকারি কমিশনার (ভূমি), বন বিভাগের কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, শিক্ষকমণ্ডলী, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদক, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বরিশাল উপজেলা প্রশাসন ও উপজেলা বন বিভাগের সামাজিক বনায়ন কর্মসূচির অংশ হিসেবে প্রাতিষ্ঠানিক বনায়নের আওতায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন প্রজাতির ২৩,০০ বৃক্ষের চারা পর্যায়ক্রমে রোপন করা হবে। মুজিববর্ষ উপলক্ষে আয়োজিত বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন শেষে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে পরিকল্পিত সবুজায়নের প্রতি গুরুত্বারোপ করে উপাচার্য মহোদয় বলেন, বৃক্ষ আমাদের অকৃত্রিম বন্ধু। ধরণীর অস্তিত্ব রক্ষা ও সকলের সুস্থ্য থাকার জন্য বৃক্ষায়ন, বনায়ন, সবুজায়ন, জীববৈচিত্র সংরক্ষণ ও অকৃত্রিম খাদ্য উৎপাদনের জন্য তিনি সকলের প্রতি আহবান জানান। পাশাপাশি গাছের যত্ন ও পরিচর্যার ওপরও গুরুত্বারোপ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস